

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



www.rajshahieducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নম্বর-৬/কল/বিজ্ঞপ্তি/১/৬৮৬

তারিখ-১৫/১১/২০১৭

বিষয় : ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতি প্রদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল কলেজ সমূহে আগামী ১৫/১১/২০১৭ তারিখ হতে ৩১/১২/২০১৭ তারিখ পর্যন্ত ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের ছাড়পত্রের মাধ্যমে ভর্তি করা হবে। ছাড়পত্রের ফরম ও নিয়মাবলী বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লেখ্য ছাড়পত্রের মাধ্যমে ভর্তিচু আবেদনকারীদের অনুমতি অনলাইনে প্রকাশ করা হবে। আবেদনকৃত শিক্ষার্থী অনলাইন থেকে তাদের অনুমতিপত্র সংগ্রহ করতে পারবে।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

ছাড়পত্রের আবেদন ফরম

১৫/১১/১৯

বরাবর

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

বিষয় : ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীর ছাড়পত্রের অনুমতির আবেদন ।

মহোদয়

সবিনয় নিবেদন, আমি বর্তমানে একাদশ শ্রেণিতে একজন নিয়মিত শিক্ষার্থী। বোর্ডের অনুমতিক্রমে ছাড়পত্র নিয়ে আমি ৬ নং ক্রমিকে বর্ণিত কলেজে পড়াশুনা করতে ইচ্ছুক। অনুগ্রহপূর্বক আমার আবেদন মঞ্জুর করে বাধিত করবেন।

আমার তথ্যসমূহ :

- ১। এসএসসি রোল নম্বর: ----- পাসের সন:----- বোর্ড : -----
রেজিস্ট্রেশন নম্বর : ----- সেশন : -----
- ২। নিজ নাম (বাংলায়) ----- মোবাইল নং : -----
নিজ নাম (ইংরেজিতে এস.এস.সি অনুযায়ী) -----
- ৩। পিতার নাম : ----- মোবাইল নং: -----
- ৪। মাতার নাম : ----- মোবাইল নং : -----
- ৫। বর্তমান কলেজের নাম -----কলেজ কোড ----- বোর্ড -----
- ৬। ভর্তিচু কলেজের নাম -----কলেজ কোড ----- বোর্ড -----
- ৭। শিক্ষার্থীর পাঠ্য বিষয়সমূহ : আবশ্যিক- ১. বাংলা (১০১, ১০২) ২. ইংরেজি (১০৭, ১০৮) ৩. তথ্য ও প্রযুক্তি ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)
ঐচ্ছিক বিষয় সমূহ (কোর্ডসহ)- (১)----- (২)-----
(৩)----- (৪র্থ বিষয়)-----
- ৮। ছাড়পত্র গ্রহণের কারণ : বাসস্থান পরিবর্তন/নিরাপত্তা জনিত সমস্যা -----
- ৯। শিক্ষার্থীর বর্তমান ঠিকানা : -----
- ১০। ১১০০/- সোনালী সেবার রশিদ নং : ----- শাখার নাম : ----- তারিখ : -----

শিক্ষার্থীর পূর্ণ নাম ও স্বাক্ষর

বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন

আবেদনকারী অত্র কলেজে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে একজন নিয়মিত শিক্ষার্থী। ৭ নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ এ বোর্ডে তার নাম রেজিস্ট্রেশনের জন্য e-sif পূরণের ব্যবস্থা নেয়া হয়েছে। ইতোপূর্বে এই কলেজ ব্যতীত অত্র বোর্ডের বা অন্য কোন বোর্ডের অধীনে কোন কলেজ থেকে তার নাম রেজিস্ট্রেশন করা হয়নি। আবেদনকারী শিক্ষার্থীর পড়াশুনার উপর এ বোর্ডে বা অন্য কোন বোর্ডের কোনরূপ নিষেধাজ্ঞা নেই। আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি/সমমানের মূল ট্রান্সক্রিপ্ট বোর্ডে সংরক্ষিত আছে। উল্লিখিত তথ্য ও বিষয়সমূহ সত্য ও সঠিক। বোর্ডের অনুমতি পেলে ছাড়পত্র ইস্যু করা হবে।

অধ্যক্ষের মোবাইল নং-----

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

তারিখ : -----

ভর্তিচু কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন

অত্র কলেজের ----- বিভাগে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে বোর্ড কর্তৃক ----- আসন বরাদ্দের বিপরীতে -----

----- জন অধ্যয়নরত আছে। ক্রমিক-৭ এ বর্ণিত শিক্ষার্থীর পঠিত বিষয়সমূহ অত্র কলেজে অনুমোদন আছে। বিধায়, একাদশ শ্রেণিতে -----

তম শিক্ষার্থী হিসাবে ছাড়পত্রের অনুমতির জন্য সুপারিশ করা হ'ল।


অধ্যক্ষের মোবাইল নং-----

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

নিয়মাবলী:

- ১। অনিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তনের সুযোগ নাই।
- ২। ছাড়পত্রের মাধ্যমে কোনভাবেই আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
- ৩। প্রতিটি কলেজ কতজন শিক্ষার্থীকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতির জন্য সুপারিশ করছে তার রেজিষ্টার তৈরী করবে এবং ভর্তিচু কলেজের অধ্যক্ষ তার প্রত্যয়নে শিক্ষার্থীর ক্রমিক উল্লেখ করবেন।
- ৪। আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ ১৫/১১/২০১৭ হতে ৩১/১২/২০১৭ তারিখের মধ্যে বোর্ডের কলেজ পরিদর্শক এর দফতরে জমা দিতে হবে। উল্লেখ্য, উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশ প্রাপ্তির অনধিক ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে আবেদনপত্র বোর্ডে জমা দিতে হবে।
- ৫। বোর্ড কর্তৃক ছাড়পত্র প্রদানের আদেশ জারির ০৭ (সাত) দিনের মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ৬। অধ্যক্ষগণের স্বাক্ষর গ্রহন পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ (এসএসসি একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, বাসস্থান পরিবর্তন জনিত প্রত্যয়নপত্র/নিরাপত্তা সংক্রান্ত থানার জিডি, ও সোনালী ব্যাংকের ১১০০/- (এক হাজার এক শত) টাকার সোনালী সেবার রশিদ) আবেদনটি কলেজ শাখায় জমা দিতে হবে।
- ৭। শিক্ষার্থী তার ছাড়পত্রের অনুমতির আদেশ বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করবে এবং আদেশটি প্রিন্ট করে নিবে। এই আদেশের প্রেক্ষিতে ভর্তিকৃত কলেজ থেকে টিসি নিয়ে প্রার্থীত কলেজে ভর্তি হবে।

বিষয়গুলো অতীব জরুরী। এর কোন প্রকার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কলেজ সমূহের অধ্যক্ষগণ দায়ী থাকবেন।



কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী